

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবৃ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

ٱلْفصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ عَلَيِّ بنِ أَبِي طَالبِ)

আরবী

وَعَن حبشِي بن جُنَادَة قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «عَلِيٌّ مِنِّي وَأَنَا مِنْ عَلِيّ وَلَا يُؤدِّي عني إِلَّا أَنا وَعلي» رَوَاهُ التِّرْمِذِيّ وَرَوَاهُ أَحْمد عَن أبي جُنَادَة

حسن ، رواه الترمذى (3719 وقال : حسن غريب صحيح) و احمد (4 / 164 ح 17645) .

(صَحِيح)

বাংলা

৬০৯২-[৬] হুবশী ইবনু জুনাদাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: 'আলী আমা হতে, আর আমি 'আলী হতে। আর আমার তরফ হতে কেউ দায়িত্ব পালন করতে পারবে না, আমি অথবা 'আলী ছাড়া। [তিরমিযী, আর ইমাম আহমাদ (রহিমাহুল্লাহ) হাদীসটি জুনাদাহ হতে বর্ণনা করেছেন।]

ফুটনোট

হাসান: তিরমিয়ী ৩৭১৯, ইবনু মাজাহ ১১৯, মুসনাদে আহমাদ ১৭৫৪০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২০৭১, আবু ইয়া'লা ৩৫৫, আসু সুনানুল কুবরা লিন নাসায়ী ৮১৪৭, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৩৪৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلِيٌّ مِنِّي وَأَنَا مِنْ) অর্থাৎ 'আরবদের অভ্যাস ছিল যদি তাদের মাঝে কোন ওয়াদা ভঙ্গ করা, কোন কথা, কোন চুক্তি, কোন ওয়াদা ভঙ্গ করার সময় হয় তখন তা কেবল ভঙ্গ করতে পারে সে সম্প্রদায়ের নেতা। অথবা যে



তার খুব নিকটাত্মীয় বা কাছের লোক। তার থেকে ছাড়া অন্য কারো কাছ থেকে তা গ্রহণ করা হবে না। যে বছর রাসূল (সা.) আবূ বাকর (রাঃ)-কে হজ্জ সম্পাদন করার নির্দেশ দিয়ে পাঠালেন তার পিছনে পিছনে 'আলী (রাঃ) কে পাঠালেন মুশরিকদের সাথে করা চুক্তিকে ভঙ্গ করার জন্য। তিনি তাদের সামনে সূরাহ্ আত্ তাওবার আয়াত পাঠ করলেন।

য়েন এ বছরের পর আর মসজিদুল হারামের নিকটবর্তী না হয়"(সূরাহ আত্ তাওবাহ ৯: ২৮)। এছাড়াও অন্যান্য বিধানাবলী দ্বারা তাকে পাঠানো হয়েছিল। এটা ছিল 'আলী (রাঃ)-এর বিরাট বড় একটা মর্যাদা। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুবশী ইবনু জুনাদাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন